# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 23-01-2025 Time: 7-35A.M.**

বিশেষ বিশেষ খবরঃ–

১) নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৮-তম জন্মবার্ষিকী আজ রাজ্য জুড়ে যথোচিত মর্যাদায় উদ্‌যাপিত হচ্ছে।

# এই প্রথম বার রাজ্য সরকারের মূল অনুষ্ঠানটি হবে ডুয়ার্সে।

২/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ আলিপুরদুয়ারের প্রশাসনিক সভায় বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন।

৩/ 'বাংলার বাড়ি' প্রকল্পে প্রাপকরা যাতে কোনোভাবেই সাইবার জালিয়াতির শিকার না হন তা নিশ্চিত করতে, রাজ্যের পঞ্চায়েত দপ্তর ৫ দফা নির্দেশিকা জারি করেছে।

৪/ পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম–ডানকুনি শাখায় CCR-15 সেতুর গার্ডার বদলের কাজের জন্য ২৭-শে জানুয়ারী ভোর চারটে পর্যন্ত টানা ১০০ ঘণ্টা ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকছে।

৫/ বাংলা ও হরিয়ানার মধ্যে চারদিনের রঞ্জি ট্রফির ম্যাচ আজ কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমিতে শুরু হবে।

*******************************************************************

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও যথোচিত মর্যাদায় নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৮-তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হচ্ছে।

( কদম কদম বাড়ায়ে যা ... )

পশ্চিমবঙ্গ সরকারের মূল অনুষ্ঠানটি এই প্রথমবার **ডুয়ার্সে** হবে বলে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। তিনি নিজে ওই অনুষ্ঠানে উপস্থিত থেকে দুপুর ১২ টা নাগাদ  শঙ্খ বাজিয়ে নেতাজীর জন্ম মূহূর্ত'টি উদ্‌যাপন করবেন।

কলকাতার **ময়দানে** নেতাজীর মূর্তির পাদদেশে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্যের তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ইন্দ্রনীল সেন, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম প্রমুখ। রাজ্য সচিবালয় **নবান্নে** সুভাষ চন্দ্রের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন পুরমন্ত্রী। **বিধানসভা** ভবনেও দিনটি যথোচিত মর্যাদায় পালিত হবে।
রেড রোড, উত্তর কলকাতার শ্যামবাজার পাঁচ মাথার মোড়, নেতাজী ভবন সহ কলকাতার একাধিক স্থানে দিনটি উপলক্ষ্যে সারা দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্কুলগুলিতে সকালে নেতাজীর জন্মদিন উপলক্ষ্যে পতাকা উত্তোলন করে শিশুদের মধ্যে চকোলেট বিতরণ করা হয়।

**বামফ্রন্ট**-এর তরফে নেতাজীর জন্মদিন 'দেশপ্রেম দিবস' হিসেবে পালিত হচ্ছে। কলকাতার সুবোধ মল্লিক স্কোয়ারে সকাল সাড়ে ১১'টায় দলের তরফে নেতাজীর মূর্তিতে মাল্যার্পণ করে শ্রদ্ধা জানানো হবে। ফরোয়ার্ড ব্লকের তরফেও নেতাজীর স্মৃতিতে বিশেষ কর্মসূচী নেওয়া হয়েছে। 'কেন্দ্রীয় নেতাজী জয়ন্তী কমিটি' এই উপলক্ষ্যে সকাল ১১'টায় ধর্মতলা থেকে সুবোধ মল্লিক স্কোয়ারে পর্যন্ত একটি শোভাযাত্রার আয়োজন করেছে।

'পরাক্রম দিবস' উপলক্ষ্যে নেতাজীর জন্মস্থান **ওড়িশার কটকে** তিনদিনব্যাপী উৎসবের আয়োজন করেছে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক। বারাবতী দুর্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভিডিও বার্তার মধ্যে দিয়ে 'পরাক্রম দিবস'-এর অনুষ্ঠানের সূচনা হবে।

প্রদেশ কংগ্রেস কার্যালয়- বিধান ভবনে নেতাজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*************************

তিন জেলা সফরের শেষ পর্যায়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এখন আলিপুরদুয়ারে। আজ কালচিনির সুভাষিণী চা বাগানে এক সভায় বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন তিনি। মুখ্যমন্ত্রীর ঐ সভায় যোগ দেওয়ার আমন্ত্রণ পেয়েছেন বিজেপির প্রাক্তন সাংসদ জন বার্লা। ডুয়ার্স এবং চাবাগানের বিভিন্ন বিষয় নিয়ে তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলবেন বলে শ্রী বার্লা জানিয়েছেন।

এদিকে, সরকারি প্রকল্পের কাজে অর্থের লেনদেন কোনোভাবেই বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী ফের একবার স্পষ্ট করে দিয়েছেন। আলিপুরদুয়ারে গতকাল প্রশাসনিক সভায় সর্বস্তরের আধিকারিকদের উদ্দেশে মুখ্যমন্ত্রী বলেন, প্রত্যেকটি কাজের ওপর রাজ্য সরকার নজর রাখছে।

(বাইট- মমতা )

*************************

'বাংলার বাড়ি' প্রকল্পে যেসমস্ত প্রাপক বাড়ি তৈরির টাকা পেয়েছেন, তারা যাতে কোনোভাবেই সাইবার জালিয়াতির শিকার না হন তা নিশ্চিত রাজ্যের পঞ্চায়েত দপ্তর ৫ দফা নির্দেশিকা জারি করেছে। এজন্য শুরু হয়েছে জোরদার প্রচার অভিযান। সাইবার জালিয়াতি রুখতে, ফোন করে কেউ কোনও OTP চাইলে, হেল্পলাইন নম্বর ১১২-তে ফোন করার আর্জি জানানো হচ্ছে উপভোক্তাদের। জেলায় জেলায় চলছে সচেতনতা শিবির। পঞ্চায়েত দপ্তরের আধিকারিকরা সেখানে গিয়ে মানুষকে এ বিষয়ে সতর্ক করছেন।

*************************

RG KAR এর পড়ুয়া চিকিৎসক আশফাকুল্লা নাইয়ার বিরুদ্ধে দায়ের হওয়া FIR ও তদন্তের ওপর ৬'সপ্তাহের জন্য স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। গতকাল বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে মামলার শুনানি হয়। বিচারপতির পর্যবেক্ষণ, ন্যূনতম তথ্য যাচাই না করেই পুলিশ তদন্ত শুরু করেছে। বিচারপতি বলেন, রাজ্যের দায়িত্ব

নাগরিকদের নিরাপত্তা দেওয়া। রাজ্যের পুলিশ এভাবে ক্ষমতা প্রদর্শন করলে, নাগরিক সমাজ অসহায় হয়ে পড়বে।

উল্লেখ্য, ভুয়ো ডিগ্রি ব্যবহার করে ডাক্তার আশফাকুল্লা নাইয়া, বেসরকারী ক্লিনিকে তিন বছর ধরে চিকিৎসা করছেন বলে, বিধাননগরের ইলেকট্রনিক্স কমপ্লেক্স থানায় অভিযোগ দায়ের করা হয়।

*************************

এদিকে, RG KAR মামলার শুনানি গতকাল সুপ্রিম কোর্টে হয়নি।

আগামী ২৯শে জানুয়ারী বুধবার শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চ মামলাটি শুনবেন। ওই দিন দুপুর ২'টোয় শুনানি হওয়ার কথা। সঞ্জয় রায় দোষী সাব্যস্ত হওয়ার পর এই প্রথম সুপ্রিম কোর্টে RG KAR মামলার শুনানি হবে।

*************************

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম–ডানকুনি সেকশনে বালিঘাট ও বালিহল্ট স্টেশনের মাঝে ৯৫ বছরের পুরনো CCR-15 সেতুর গার্ডার বদলের কাজের জন্য গতরাত থেকে ২৭-শে জানুয়ারী ভোর চারটে পর্যন্ত টানা ১০০ ঘণ্টা ট্রাফিক ও পাওয়ার ব্লক থাকবে।

এর জেরে ওই চারদিন শিয়ালদা ও ডানকুনির মধ্যে ২২ জোড়া লোকাল ও কয়েকটি এক্সপ্রেস ট্রেন বাতিল থাকছে। এর মধ্যে রয়েছে কলকাতা–পাটনা গরীব রথ, কলকাতা - বালুরঘাট তেভাগা এক্সপ্রেস, শিয়ালদা–আসানসোল ইন্টারসিটি এক্সপ্রেস ইত্যাদি। জম্মুতাওয়াই, অনন্যা, আগ্রা ক্যান্টনমেন্ট, পদাতিক, কাঞ্চনজঙ্ঘা সহ একাধিক এক্সপ্রেস ট্রেনের যাত্রাপথ পরিবর্তন করা হয়েছে। বেশকিছু ট্রেন দক্ষিণেশ্বরের পরিবর্তে বেলঘরিয়া স্টেশনে থামবে।

*************************

মেরামতি এবং রক্ষণাবেক্ষণের কাজের জন্য বালি ব্রিজের একাংশ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী সোমবার ২৭শে জানুয়ারি সকাল পর্যন্ত এই সেতুর, কলকাতার

দিক থেকে বেরোনোর লেনটি বন্ধ থাকবে। এর প্রেক্ষিতে নিবেদিতা সেতুকে ব্যবহার করা হবে যান চলাচলের জন্য বিকল্প হিসাবে।

*************************

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের ট্র্যাফিক ও পাওয়ার ব্লকের জন্য রবিবার ২৬ শে জানুয়ারি পর্যন্ত ওই ডিভিশনের বেশকিছু EMU লোকাল বাতিল থাকবে। ওই সময়কালে ব্যান্ডেল ও হাওড়ার মধ্যে চলাচলকারী ১৫ জোড়া, শেওড়াফুলি থেকে হাওড়ার মধ্যে ১১ জোড়া, বেলুড় মঠ এবং শ্রীরামপুর থেকে হাওড়ার জন্য দু'জোড়া করে ট্রেন বাতিল থাকছে।

*************************

যাত্রা শুরুর প্রায় অর্ধশতক পরে নিজস্ব 'ম্যাসকট' পাচ্ছে কলকাতা বইমেলা। দুটি হাঁসের আদলে তৈরি একটি প্রতিকৃতি ৪৮-তম কলকাতা বইমেলার ম্যাসকট হিসেবে প্রচারে ব্যবহৃত হচ্ছে। বইমেলার আয়োজক পাবলিশার্স এন্ড বুকসেলার্স গিল্ডের সভাপতি ত্রিদিব চট্টোপাধ্যায় জানিয়েছেন, এবার বইমেলায় আলাদা 'মাসকট' জোন থাকবে।

উল্লেখ্য, এবছর ২৮ শে জানুয়ারি ৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা শুরু হচ্ছে। চলবে, ৯ ফেব্রুয়ারি পর্যন্ত। এই প্রথমবার, মেলার থিম কান্ট্রি হচ্ছে - জার্মানি।

*************************

একাদশতম কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনে আজ বিকেল তিনটেয় নন্দন একে দেখানো হবে, Harry Potter and the sorcerer's stone. শিশু-কিশোর একাডেমীর পক্ষ থেকে জানানো হয়েছে, এবার বড় আকর্ষণ হ্যারি পটারের সব কটি সিরিজ- এক জায়গায় প্রদর্শন। তার আগে দুপুর বারোটায় থাকছে সৃজিৎ মুখার্জি পরিচালিত ছবি 'মিশর রহস্য'। এছাড়া নন্দন-২ এ বিকেল তিনটেয় উজ্জ্বল বসু পরিচালিত, ক্রাউড ফান্ডে নির্মিত ছবি 'দুধ পিঠের গাছ' আজকের অন্যতম আকর্ষণ। শিশির মঞ্চে বিকেল তিনটেয় Robert Zemeckis পরিচালিত ব্রিটিশ ছবি 'এ ক্রিস্টমাস

ক্যারল' অনেকেরই আজকের বাছাই তালিকায় রয়েছে। সন্ধ্যে ছটায় একতারা মুক্তমঞ্চে প্রদর্শিত হবে চার্লি চ্যাপলিনের বিখ্যাত ছবি 'দ্য কিড'।

উল্লেখ্য, শিশু-কিশোরদের মনস্তত্ত্বকে মাথায় রেখে সেজে উঠেছে নন্দন চত্বর। গোটা পরিবেশকে আকর্ষণীয় করে তুলতে উৎসবের মূল ভাবনায় রয়েছে ফ্যান্টাসি বা কল্পনা।

**************************

উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরে পুরানো বিদ্যুৎ অফিসে এক যুবকের গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় চঞ্চল্য ছড়িয়েছে। গতকাল হঠাৎই গুলি চলার শব্দ পেয়ে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে গিয়ে মহম্মদ ইমদাদকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন। গুরুতর জখম অবস্থায় প্রথমে ব্যারাকপুর B N বসু মহকুমা হাসপাতাল এবং পরে কলকাতার একটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। এই ঘটনায় পুলিশ কয়েকজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে।

**************************

পশ্চিম বর্ধমানের আসানসোলের আপকার গার্ডেনে আইনমন্ত্রী মলয় ঘটকের বাসভবনে ভাঙচুরের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশ কর্মীদের চোখ এড়িয়ে ওই ব্যক্তি গতকাল বিকেলে মন্ত্রীর বাড়িতে ঢুকে অফিস ঘরের টেবিলের কাঁচ-ইঁট দিয়ে ভেঙ্গে দেয় বলে অভিযোগ। শ্রী ঘটক সেইসময় বাড়ি ছিলেন না। কি কারণে এই হামলা তা খতিয়ে দেখছে পুলিশ।

**************************

বাংলা ও হরিয়ানার মধ্যে চারদিনের রঞ্জি ট্রফির ম্যাচ আজ কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমিতে শুরু হবে। খেলা শুরু সকাল সাড়ে নটায়। রঞ্জি ট্রফির এলিটের গ্রুপ সি-তে হরিয়ানা পাঁচ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে আছে। বাংলা সমসংখ্যক ম্যাচে ১২ পয়েন্ট পেয়ে তৃতীয় স্থানে রয়েছে।

**************************

ইডেনে প্রথম T-20 ক্রিকেট ম্যাচে ভারত ৭ উইকেটে ইংল্যান্ডকে হারিয়ে পাঁচ ম্যাচের সিরিজে ১-০-য় এগিয়ে গেছে।

ভারত গতকাল টসে জিতে ইংল্যান্ডকে ব্যাট করতে পাঠায়। ইংল্যান্ড ২০ ওভারে সব উইকেট হারিয়ে ১৩২ রান তোলে। অধিনায়ক জস বাটলার ৬৮ রান করেন। বরুণ চক্রবর্তী তিনটি, অর্শদীপ সিং, অক্ষর প্যাটেল ও হার্দিক পান্ডিয়া দুটি করে উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে ভারত ৩ উইকেট হারিয়ে ১২ ওভার ৫ বলে লক্ষ্যে পৌঁছে যায়। অভিষেক শর্মা ৭৯ রান করেন। ইংল্যান্ডের হয়ে জোফরা আর্চার দুটি উইকেট নেন। ৪ ওভারে ২৩ রান দিয়ে তিন উইকেট নিয়ে ভারতের বরুণ চক্রবর্তী ম্যাচের সেরা হয়েছেন।

T-20 সিরিজের দ্বিতীয় ম্যাচটি হবে চেন্নাইতে, আগামী শনিবার।

***************************************************************************